

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৫৯(আগরতলা,০৫।০৩)

সার্বুম, ০৫ মার্চ, ২০১৯

সার্বুমে জাতীয় ভোক্তা দিবস পালিত

সার্বুম মহকুমা খাদ্য ও জনসংভরণ কার্যালয়ের উদ্যোগে আজ সার্বুম টাউন হলে জাতীয় ভোক্তা দিবস পালন করা হয়। বিধায়ক শংকর রায় মঙ্গল প্রদীপ জ্বলে অনুষ্ঠানের উদ্বোধন করেন। তিনি এই দিবসের তাৎপর্য ব্যাখ্যা করে বক্তব্য রাখেন। এছাড়াও সার্বুম মহকুমার মহকুমা শাসক বিপ্লব দাস, বিশিষ্ট লেখক দীপক দাস আলোচনায় অংশ নেন। বক্তারা সকলেই ভোক্তাদের আরও সচেতন হওয়ার আহ্বান জানান। অনুষ্ঠানে সভাপতিত্ব করে বক্তব্য রাখেন সার্বুম নগর পঞ্চায়েতের প্রাক্তন চেয়ারপার্সন শান্তিপ্রিয় ভৌমিক। জাতীয় ভোক্তাদিবস উপলক্ষে ছাত্র-ছাত্রীদের মধ্যে কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে অন্যান্য অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন বিশিষ্ট সমাজসেবী দীপক দত্ত ও চেলাফু মগ। স্বাগত ভাষণ দেন সার্বুম মহকুমা খাদ্য ও জনসংভরণ আধিকারিক সুব্রত দাস।
